

## প্রেস বিজ্ঞপ্তি

হংকং, ২৫ মার্চ ২০২৩

**বিষয়: বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং কর্তৃক যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে ২৫শে মার্চ গণহত্যা দিবস পালন**

আজ ২৫ মার্চ ২০২৩ তারিখে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং কর্তৃক কনস্যুলেট প্রাঙ্গণে যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে গণহত্যা দিবস পালন করা হয়। অনুষ্ঠানটি অনলাইন ফরম্যাটে (zoom platform) আয়োজন করা হয়। অনুষ্ঠানে কনস্যুলেটের কর্মকর্তা ও কর্মচারীগণ মিশনে উপস্থিত থেকে এবং হংকংস্থ বাংলাদেশ কমিউনিটির সদস্যবৃন্দ, বাংলাদেশ আওয়ামী লীগ, হংকং শাখার নেতৃবৃন্দ, বাংলাদেশ এসোসিয়েশন অব হংকং এর নির্বাহী কমিটির সদস্যবৃন্দ, বাংলাদেশ স্টুডেন্টস এসোসিয়েশন, হংকং-এর সদস্যবৃন্দ জুম প্ল্যাটফর্মে অনুষ্ঠানটিতে অংশগ্রহণ করেন। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং পবিত্র গীতা পাঠের মধ্য দিয়ে মূল অনুষ্ঠান শুরু করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কনস্যুলেটের কনসাল জেনারেল মো: কামরুল হাসান। এরপর দিবসটি উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করা হয়। পরবর্তীতে দিবসটির উপর নির্মিত একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। এরপর অনুষ্ঠানে আগত অতিথিবৃন্দ দিবসটির তাৎপর্য ও গুরুত্ব সম্পর্কে আলোকপাত করেন।

মান্যবর কনসাল জেনারেল তাঁর বক্তব্যের শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন যাঁর নেতৃত্বে বাঙ্গালি জাতি স্বাধীনতা ও সার্বভৌমত্ব অর্জন করে। তিনি এরপর ১৯৭১ সালের ২৫ মার্চ-এর কালোরাতের সকল শহিদদের গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। বাংলাদেশে সংগঠিত গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি অর্জনে বাংলাদেশ সরকার বিশেষত পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিরলস প্রচেষ্টার বিষয়ে তিনি আলোকপাত করেন। বর্বরোচিত এই হত্যাকাণ্ডের শোককে শক্তিতে পরিণত করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের “সোনার বাংলার” স্বপ্ন বাস্তবায়নে তিনি সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান এবং অনুষ্ঠানে উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে কনসাল জেনারেল তাঁর বক্তব্য শেষ করেন।

অনুষ্ঠানে উপস্থিত বাংলাদেশী কমিউনিটিকে ধন্যবাদ এবং ২৫ শে মার্চ গণহত্যা দিবসের আন্তর্জাতিক স্বীকৃতি অর্জনে সকলের সম্মিলিত উদ্যোগ গ্রহণের প্রত্যয় নিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

\*\*\*\*\*

